

বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট

কৃষিতত্ত্ব বিভাগ

ভিশন

তুলনামূলক কম খরচে উন্নত কৃষিতাত্ত্বিক কৌশল ব্যবহারের মাধ্যমে বাংলাদেশের চা এর উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি করা।

মিশন

চা গাছের স্বাস্থ্য সংরক্ষণের মাধ্যমে এর ফলন সর্বোচ্চ কাঙ্ক্ষিত পর্যায়ে উন্নিতকরণে যুগপযোগী কৃষিতাত্ত্বিক প্রযুক্তি উদ্ভাবন এবং প্রচলিত কৃষিতাত্ত্বিক পদ্ধতির আধুনিকায়ন।

কার্যাবলী

সামগ্রিকভাবে কৃষিতত্ত্ব বিভাগ চা উৎপাদনের সবাধুনিক কলাকৌশল উদ্ভাবন ও প্রয়োগের মাধ্যমে খামার ও উৎপাদন ব্যবস্থাপনা করে থাকে।

বিটিআরআই এর কৃষিতত্ত্ব বিভাগের মূল কার্যক্রমগুলি নিম্নরূপ-

- ❖ কৃষিতাত্ত্বিক গবেষণা তথা মাঠ পরীক্ষণের মাধ্যমে প্রচলিত পরিচর্যা পদ্ধতি যেমন, চা চারা রোপন, ফ্রুনিং, টিপিং, প্লাকিং, ছায়া গাছ ব্যবস্থাপনা, খরা ব্যবস্থাপনা, গ্রাফটিং ইত্যাদির উন্নয়ন ও আধুনিকিকরণ।
- ❖ চা বাগানে চা উৎপাদন সংশ্লিষ্ট কোন সমস্যা দেখা দিলে সে সমস্যা সমাধানে সরেজমিনে পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান।
- ❖ চা উৎপাদন সংশ্লিষ্ট উদ্ভাবিত নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য অঞ্চল ভিত্তিক প্রদর্শনী পুট স্থাপন।
- ❖ চা চাষ সংশ্লিষ্ট বিজ্ঞানসম্মত সর্বশেষ ধারণাগুলো ওয়ার্কশপ, সেমিনার এবং বার্ষিক কোর্স আয়োজনের মাধ্যমে বিস্তারের ব্যবস্থা করা।
- ❖ বিটিআরআই খামারের সামগ্রিক তত্ত্বাবধানসহ মাঠে অন্যান্য বিভাগের গবেষণা কাজে প্রয়োজনীয় শ্রমিক ব্যবস্থাপনার মাধ্যমে গবেষণা কার্যক্রম চলমান রাখা।

চলমান গবেষণা কার্যক্রম

০১. বিভিন্ন ক্লোন চা'র ফলনে বিভিন্ন ফ্রুনিং সাইকেল কিরূপ প্রভাব ফেলে তা'র উপর পরীক্ষণ।
০২. বিটিআরআই-এর উদ্ভাবিত বিভিন্ন প্রকার ক্লোনের ফলন ও ফলন নিয়ন্ত্রণকারী নিয়ামকসমূহের তুলনা।
০৩. নার্সারিতে চা চারা সহজতরভাবে স্থানান্তরের জন্য বিভিন্ন ধরনের যান্ত্রিক উপকরণ উদ্ভাবন।
০৪. নার্সারিতে সরাসরি পলি-ব্যাগে চা চারা উৎপাদনে সমন্বিত পুষ্টি উপাদান ব্যবস্থাপনার প্রভাব।
০৫. বিভিন্ন প্রকার ফ্রুনিং-এর ফলে চা'র ফলন ও গুণগত প্রভাব নির্ণয়।
০৬. জলবায়ুর বিভিন্ন উপাদানগুলো পরিবর্তনের সাথে বাংলাদেশে চা'র উৎপাদন কিভাবে প্রভাবিত হচ্ছে সে সম্পর্কে গবেষণা।
০৭. হস্ত, যান্ত্রিক-সহ বিভিন্ন পাতা চয়ন পদ্ধতি চা'র ফলন ও গুণমানের উপর কিরূপ প্রভাব ফেলে তা নির্ধারণ।
০৮. চা চারা রোপনের সময় বিভিন্ন ধরনের কম্পোষ্ট প্রয়োগ এবং চারার বৃদ্ধি ও বিকাশে তার প্রভাব নির্ধারণ।

কৃষিতত্ত্ব বিভাগের অর্জনসমূহ

- ❖ চা গাছের স্বাস্থ্য সংরক্ষণ করে দীর্ঘ মেয়াদী ফসল আহরনের জন্য চার (৪) বছরের ফ্রনিং সাইকেল নির্ধারণ করা হয়েছে।
- ❖ গাছের স্বাস্থ্য ঠিক রেখে কাজিখত মাত্রায় ফসল আহরন পদ্ধতি উদ্ভাবন করা হয়েছে।
- ❖ চা চারা রোপন পদ্ধতি, প্রতি হেক্টরে উপযুক্ত চা চারার সংখ্যা, রোপন পূর্ব ও পরবর্তী পরিচর্যার মান উন্নয়ন করণ।
- ❖ দ্রুততম সময়ে উপযুক্ত গ্রাফটিং পদ্ধতিতে সাধারণ মাতৃ বৃক্ষকে উন্নত মাতৃবৃক্ষে পরিণত করার পদ্ধতি উদ্ভাবন।



ভবিষ্যৎ পরিকল্পনা

- ❖ পরিবর্তিত বিশ্ব জলবায়ুর কারণে উদ্ভূত খরার প্রকোপ থেকে চা এর আবাদ রক্ষার জন্য দীর্ঘ ও স্বল্প মেয়াদী টেকসই প্রযুক্তি উদ্ভাবন।
- ❖ অদূর ভবিষ্যতে দক্ষ চা শ্রমিক সংকটের যে সম্ভবনা তৈরী হয়েছে তা মোকাবেলায় চা আববদীতে যান্ত্রিক কলাকৌশলের উদ্ভাবন ও ব্যবহার নিশ্চিত করা।

কৃষিতত্ত্ব বিভাগের জনবল

ক. রিসার্চ পার্সোনেল	অনুমোদিত পোষ্ট	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা
১। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও)	১	১	০
২। উর্ডতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও)	২	১	১
৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও)	২	২	০
খ. সাপোর্ট সার্ভিস			
১। ফার্ম সুপারভাইজার (এফ এস)	১	১	০
২। উর্ডতন মাঠ সহকারী (এসএফএ)	১	০	১
৩। মাঠ সহকারী (এফ এ)	১	০	১
৪। গবেষণাগার সহায়ক (এল এইচ)	১	১	০
৫। অফিস সহায়ক (এমএলএসএস)	১	১	০

(ড. তৌফিক আহম্মদ)
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও
বিভাগীয় প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ।